

সাকুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/৯৮

তারিখঃ ১৭/০৪/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ভারত হতে আগত পণ্যবাহী ট্রেন বাংলাদেশে পণ্য খালাসের পরে ঐ একই খালি ট্রেনে বাংলাদেশি রপ্তানি পণ্য ভারতে রপ্তানির সুযোগ প্রদান প্রসঙ্গে।


- সূত্রঃ (ক) বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং ২৬.০০.০০০০.১২১.৩৯.০২৪.২৩.৫৭, তারিখঃ ১৬/০৪/২০২৩।  
(খ) বিজিএমইএ'র সাকুলার নং বিজিএ/কাস/২০২২/২৫৭, তারিখঃ ১৬/১১/২০২২।  
(গ) বিজিএমইএ'র সাকুলার নং বিজিএ/কাস/২০২২/২০২, তারিখঃ ১৪/০৯/২০২২।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। ইতিমধ্যে সূত্রোক্ত 'খ' এবং 'গ' সাকুলারের মাধ্যমে ভারত হতে আগত পণ্যবাহী ট্রেন বাংলাদেশে পণ্য খালাসের পরে ঐ একই খালি ট্রেনে পেট্রোপোল-বেনাপোল এবং গেয়েদে-দর্শনা রুটে বাংলাদেশি রপ্তানি পণ্য ভারতে রপ্তানি করার সুবিধা গ্রহণের জন্য অবগত করা হয়েছে।

বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সূত্রোক্ত 'ক' স্মারকের মাধ্যমে উল্লেখিত সুবিধা গ্রহণের ক্ষেত্রে ব্যবসায়ীগণকে উদ্বুদ্ধকরণের জন্য এ'দপ্তরকে অনুরোধ জানানো হয়।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে বাণিজ্য মন্ত্রণালয় হতে জারীকৃত সূত্রোক্ত 'ক' স্মারকটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
এফটিএ-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)



জরুরি

স্মারক নম্বর ২৬.০০.০০০০.১২১.৩৯.০২৪.২৩.৫৭

তারিখ:

০৩ বৈশাখ ১৪৩০

১৬ এপ্রিল ২০২৩

বিষয়: বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্পর্কের উন্নয়ন এবং পণ্য পরিবহন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ও ভারতের মধ্যে দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্পর্কের উন্নয়ন এবং পণ্য পরিবহন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সামগ্রিক কৌশল নির্ধারণের জন্য গত ১৫ মার্চ ২০২৩ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:-

“ভারত হতে রেলপথে পরিবাহিত আমদানিপণ্য খালাসের পর ফিরতি কন্টেইনারে বাংলাদেশী পণ্য রপ্তানির সুবিধা গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, রেলপথ মন্ত্রণালয় ও ব্যবসায়ী সংগঠনগুলো ব্যবসায়ীদের উদ্বুদ্ধ করবে।”

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্তের আলোকে ব্যবসায়ীগণকে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

স্বাঃ—  
(ফারহানা ইসলাম)  
উপসচিব  
ফোন: ৯৫৪৯১৬১

ই-মেইল: [fta1@mincom.gov.bd](mailto:fta1@mincom.gov.bd)

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০২। সভাপতি, বিজিএমইএ, বিজিএমই কমপ্লেক্স, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা।
- ০৩। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার ১৩/১ সোনার গাঁও রোড, বাংলামটর, ঢাকা।
- ০৪। সভাপতি, বাংলাদেশ-ভারত চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, রূপায়ন সেন্টার (১৭ তলা), ৭২, মহাখালী, ঢাকা।
- ০৫। সভাপতি, বাংলাদেশ এগ্রো প্রসেসরস্ এসোসিয়েশন, নাভানা নিউবাড়ি প্লেস, ডি-৬ (৬তলা)  
৪/১/এ সুবহানাবাগ ধানমন্ডি, ঢাকা-১২০৭।
- ০৬। সভাপতি, বাংলাদেশ জুট এক্সপোর্টার্স এসোসিয়েশন, ২৩/বি/১, গ্র্যাপার্টমেন্ট-এ/৩, রোড নং-১০৪, গুলশান-২, ঢাকা।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য


- ০৭। সভাপতি, বাংলাদেশ জুট গুড্‌স এসোসিয়েশন, ৩/১২, নয়াপল্টন (৫ম তলা), ঢাকা-১০০০।
- ০৮। সভাপতি, লেদার গুড্‌স এন্ড ফটওয়ার ম্যানুফ্যাকচারাস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (BJGEA), A&A টাওয়ার, ১৭৩, আরামবাগ (থার্ড ফ্লোর), মতিঝিল, ঢাকা-১০০০।
- ০৯। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ কান্টমস ক্লিয়ারিং & ফরওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশন ৩/সি নিউ বেইলি রোড (২য় তলা), রমনা, ঢাকা।

স্মারক নম্বর ২৬.০০.০০০০.১২১.৩৯.০২৪.২৩.৫৭

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩০  
১৬ এপ্রিল ২০২৩

অনুলিপি: (সদয় অবগতি/ কার্যার্থে)

- ০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা
- ০৩। অতিরিক্ত সচিব (এফটিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা
- ০৪। যুগ্মসচিব (এফটিএ-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা

  
(ফারহানা ইসলাম)  
উপসচিব